

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৫৩

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/৩৫. গনীমতের মাল থেকে পুরষ্কারস্বরূপ কিছু দান করা

بَاب النَّفْلِ

আরবী

حَدَّثَنَا عَلَيْ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا أَبُو الْحُسَيْنِ أَنَّبَانَانَ رَجَاءَ بْنُ أَبِي سَلَمَةَ حَدَّثَنَا عَمْرُو بْنُ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ لَا نَفْلَ بَعْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْدُ الْمُسْلِمُونَ قَوْيِهِمْ عَلَى ضَعِيفِهِمْ قَالَ رَجَاءٌ فَسَمِعْتُ سُلَيْمَانَ بْنَ مُوسَى يَقُولُ لَهُ حَدَّثَنِي مَكْحُولٌ عَنْ حَبِيبِ بْنِ مَسْلَمَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَفْلَ فِي الْبَدَأَ الرُّبُعِ وَحِينَ قَفَلَ الْثُلُثَ فَقَالَ عَمْرُو أَحَدُ ثُلُثَةِ عَنْ أَبِي عَنْ جَدِّي وَتَحَدَّثَنِي عَنْ مَكْحُولٍ

বাংলা

৩/২৮৫৩। 'আমর ইবনে শো'আইব (রহঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পর আর কোন নফল (অতিরিক্ত) দেয়া যাবে না। শক্তিশালী মুসলিমগণ দুর্বল মুসলিমকে গনীমতের মাল ফেরত দিবে। রাবী রাজা (রাঃ) বলেন, আমি সুলায়মান ইবনে মুসাকে বলতে শুনেছি, মাকহুল আমাকে হাবীব ইবনে মাসলামার সূত্রে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধের প্রথমভাগে অর্জিত গনীমতের মালের এক-চতুর্থাংশ এবং শেষভাগে অর্জিত গনীমতের এক-তৃতীয়াংশ পুরষ্কারস্বরূপ দিতেন। 'আমর (রাঃ) বলেন, আমি যেখানে তোমাকে আমার পিতা ও দাদার সূত্রে হাদীস শুনাচ্ছি, সেখানে তুমি আমাকে মাকহুলের সূত্রে হাদীস শুনাচ্ছে!

English

'Amr bin Shu'aib narrated from his father that his grandfather said:
 "There is no awarding of the spoils after the Messenger of Allah (ﷺ), rather whatever the army acquires (of spoils of war) will be distributed among strong and weak alike."

ফুটনোট

আবু দাউদ ২৭৪৮, ২৭৪৯, ২৭৫০, আহমাদ ১৭০০৮, ১৭০১১, দারেমী ২৪৮৩, মাজাহ ২৮৫১, সহীহ আবু দাউদ ২৪৫৫, ২৪৫৬,

তাহকীক আলবানীঃ আমর থেকে মাওকুফ ব্যাতিত সহীহ। উক্ত হাদিসের রাবী আবুল হুসায়ন সম্পর্কে আহমাদ বিন হাস্বল বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আলী ইবনুল মাদীনী ও উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে সাওরীর হাদিস বর্ণনায় ভুল করেছেন। (তাহবীবুল কামালঃ রাবী নং ২০৯৫, ১০/৪০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43469>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন